

বৃহস্পতিবার, ১৭ই আগস্ট ২০২৩

মোঃ আনজব আলী মোল্লা
ইউনিট এজেন্ট
আমতলী বাজার এজেন্ট ব্যাংকিং শাখা,
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।


বিষয়: চুক্তি বাতিল সংক্রান্ত চূড়ান্ত নোটিশ।

জনাব আনজব আলী,
আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৮ই আগস্ট, ২০২৩ তারিখ পত্র নং (Ref # DOER/Notice/N3/0597/2023) "বিষয়: আউটলেট বন্ধ রাখা এবং গ্রাহকের অর্থ আত্মসাতের প্রেক্ষিতে কারন দর্শানো নোটিশ" শিরোনামে একটি পত্র প্রদান করা হয়। যেখানে আপনার এজেন্ট আউটলেট বন্ধ রাখা এবং গ্রাহকের অর্থ আত্মসাতের মত গুরুতর অভিযোগের প্রেক্ষিতে আপনাকে গত ৯ই আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে হেডঅফিসে স্বশরীরে উপস্থিত হতে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু আপনি সেই নির্দেশনা অমান্য করেছেন এবং বারংবার আপনার সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও আপনার সাথে যোগাযোগ করা যায়নি।

আপনি জানেন যে, প্রচলিত নীতিমালা অনুযায়ী আউটলেট বন্ধ রাখা, গ্রাহককে ব্যাংকিং সেবা গ্রহণে বঞ্চিত করা ও জাল-জালিয়াতির কিংবা অবৈধ পন্থার মাধ্যমে গ্রাহকের অর্থ আত্মসাৎ গুরুতর অপরাধ হিসেবে বিবেচ্য। কিন্তু আপনি আউটলেট বন্ধ রেখে গ্রাহককে সেবা গ্রহণে বঞ্চিত রাখার মাধ্যমে গ্রাহক হয়রানি সহ অগ্রণী ব্যাংক ও দুয়ারের সুনাম ক্ষুণ্ণ করেছেন।

অতএব, চুক্তিপত্রের অনুচ্ছেদ ১০.২.২, ১০.৪.৩ ও ১০.৪.৪ অনুযায়ী আউটলেট বন্ধ, গ্রাহক সেবা প্রদানে ব্যর্থতার প্রেক্ষিতে অদ্য ১৭ই আগস্ট ২০২৩ তারিখ হতে আপনার সাথে চুক্তি বাতিল বলে গণ্য হচ্ছে এবং সেই সাথে জানানো যাচ্ছে পূর্ববর্তী পত্র প্রদানের পর অগ্রণী ব্যাংক ও দুয়ারের নাম ব্যবহার করে কোনোরূপ লেনদেন, আউটলেট পরিচালনা ও অর্থ আত্মসাতের অভিযোগ পাওয়া গেলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তদুপরি, প্রচলিত নীতিমালা অনুযায়ী জনসাধারণের সাথে প্রতারণা অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হলে আপনার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ধন্যবাদ



সুফিয়া খানম
অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট।



অনুলিপি:

১. ব্যবস্থাপক, চান্দুরা বাজার শাখা, অগ্রণী ব্যাংক লিমিটেড।
২. সংশ্লিষ্ট বিডিএক্স/সুপারভাইজার।
৩. অফিস কপি।